

ফাতওয়া নম্বর: ৬০৫

প্রকাশকাল: ১৫-১০-২০২৫ ইং

টিকিট দিয়ে পুকুরের মাছ ধরার বিধান

প্রশ্ন:

আমাদের এলাকায় মাঝে মধ্যেই পুকুরের মালিকরা তাদের পুকুরে মাছ ধরার জন্য নির্দিষ্ট মূল্যের টিকিট ছাড়ে। কিন্তু মালিকদের নানান কারসাজির কারণে যারা মাছ ধরতে যায় তারা অনেক সময়ই মাছ পায় না। জানার বিষয় হলো-এভাবে টিকিট দিয়ে মাছ ধরার হুকুম কী?

আবু আইমান

উত্তর:

নির্দিষ্ট পুকুর বা জলাশয়ের মাছ বিক্রির জন্য নির্দিষ্ট মূল্যের টিকেটের বিনিময়ে নির্দিষ্ট সময় মাছ শিকারের সুযোগ দেয়ার যে পদ্ধতি প্রচলিত আছে তা সম্পূর্ণ নাজায়েয। কারণ শরীয়তের দৃষ্টিতে এটি জুয়ার অন্তর্ভুক্ত। -মাবসুতে সারাখসী: ২০/১৬৭ (দারুল মারেফা); ফাতহুল কাদীর: ৬/৪১৪ (দারুল ফিকর); রদ্বুল মুহতার: ৫/৬৫ (দারুল ফিকর)

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২২-০৪-১৪৪৭ হি.

১৫-১০-২০২৫

